PG/IVS/BNG-403/13

২০১৩

(স্নাতকোত্তর)

বাংলা

পাঠপর্যায় — ৪

একক ক্রম — বি.এন.জি-৪০৩

পূর্ণমান ঃ ৪০

সময় ঃ ২ ঘন্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

বিশেষপত্র — ১

(*ভাষাবিজ্ঞান ও ভাষাসমীক্ষা*)

সমস্ত প্রশ্নের উত্তর দাও

১। শৈলী বিজ্ঞানে 'নির্বাচন' বলতে কী বোঝ ? নির্বাচনের প্রক্রিয়াগুলি বিষয়ে উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা*

ভাষাশৈলীর বিশ্লেষণে ধ্বনিগত প্রসঙ্গ বিচার করো। ১০

( *Turn Over* )

২। টীকা লেখো (যে কোন *চারটি* ) ঃ $২\frac{১}{২} \times ৪$

(ক) Deixis

(খ) Context

(গ) Multi-word stage

(ঘ) Grammar-translation method

(ঙ) কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র

(চ) Overgeneralization.

*অথবা*

Localization তত্ত্ব প্রতিষ্ঠার ক্ষেত্রে স্নায়ুবিজ্ঞানীদের বিভিন্ন পরীক্ষা ও পর্যবেক্ষণগুলি লেখো । ১০

৩। ভাষাচর্চার ক্ষেত্রে ফার্দিনান্দ দ্য সোস্যুরের অবদান বিষয়ে আলোচনা করো । ১০

*অথবা*

টীকা লেখো (যে কোন *চারটি* ) ঃ $২\frac{১}{২} \times ৪$

(ক) গ্রীমের সূত্র

(খ) শব্দঋণ ও অনূদিত ঋণ

(গ) অব্যবহিত উপাদান

(ঘ) Morphophonemic change

(ঙ) কার্ল ভার্নার ।

৪। টীকা লেখো ঃ ৫ × ২

(*i*) মিশরীয় চিত্রপ্রতীক লিপি

(*ii*) ধ্বনিলিপি

*অথবা*

বাংলা লিপির ইতিবৃত্ত লেখো । ১০

বিশেষপত্র — ২

(*মধ্যযুগের সাহিত্য*)

সমস্ত প্রশ্নের উত্তর দাও

১। 'চৈতন্যভাগবত' অনুসারে চৈত্যানাবতারের কারণ বিশ্লেষণ করো । ১০

*অথবা*

'চৈতন্যভাগবত'-এ বর্ণিত সে-যুগের সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার পরিচয় দাও । ১০

২। 'পদ্মাবতী' কাব্যে আলাওলের মূলানুসরণ ও স্বাতন্ত্র্য বিষয়ে আলোচনা করো । ১০

*অথবা*

'পদ্মাবতী' কাব্যের নায়িকা চরিত্র রচনায় আলাওলের কৃতিত্ব নিরূপণ করো । ১০

৩। 'মনের মরম কথা তোমারে কহিয়ে হেথা' — পদটি কোন্ পর্যায়ের ? পদটি শিল্প-সৌন্দর্য বিশ্লেষণ করো । ১০

*অথবা*

'তাতল সৈকত বারি-বিন্দু সম' পদটি অবলম্বনে পদকর্তার আত্মসমর্পণের স্বরূপ বিশ্লেষণ করো । পদটিকে বৈষ্ণব রসতত্ত্বের নিরিখে বিচার করা চলে কি ? – ব্যাখ্যা করো । ৫ + ৫

৪। 'নূতন মঙ্গল আশে / ভারত সরস ভাষে'
— 'অন্নদামঙ্গল' সম্পর্কে ভারতচন্দ্রের এই দাবী কতখানি সঙ্গত তা বিচার করো । ১০

*অথবা*

ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল'–এ সমকালীন আর্থ–সামাজিক চিত্র কতটা রূপায়িত হয়েছে সে বিষয়ে আলোচনা করো । ১০

বিশেষপত্র — ৩

(*লোকসংস্কৃতি ও লোকসাহিত্য*)

সমস্ত প্রশ্নের উত্তর দাও

১। লোকনৃত্যের উদ্ভবের সম্ভাব্য কারণগুলি কী কী ? লোকনৃত্যের বৈশিষ্ট্য লেখো । লোকনৃত্যের শ্রেণী বিভাগ করো এবং প্রতিটি বিভাগের দৃষ্টান্ত দাও । ৩ + ২ + ৫

*অথবা*

দৃষ্টান্ত সহকারে সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো *দুটি*)ঃ ৫ × ২

ট্যাবু, লোকক্রীড়া, লোকশিল্প ।

২। ধাঁধা কাকে বলে ? ধাঁধার বৈশিষ্ট্য কী ? ধাঁধার শ্রেণীবিভাগ করো এবং প্রতিটি বিভাগের দৃষ্টান্ত দাও । ১ + ৩ + ৬

*অথবা*

দৃষ্টান্ত সহকারে সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো *দুটি*)ঃ ৫ × ২

লোকভাষা, ছড়া ও প্রবাদের তুলনামূলক আলোচনা, লোকনাট্য ।

৩। মার্ক্সীয় পদ্ধতির বৈশিষ্ট্যগুলি কী কী ? লোকসাহিত্য বিশ্লেষণের ক্ষেত্রে এই পদ্ধতির গুরুত্ব বিষয়ে আলোচনা করো। ৫ + ৫

*অথবা*

তুলনামূলক পদ্ধতি কাকে বলে ? এর প্রবক্তা কারা ? দৃষ্টান্ত দিয়ে তুলনামূলক পদ্ধতির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২ + ২ + ৬

৪। মোটিফ কাকে বলে ? মোটিফ ইনডেক্সের বর্ণনা দাও। যে কোন একটি লোককথার মোটিফ ইনডেক্স বিচার করো। ৩ + ৪ + ৩

*অথবা*

টীকা লেখো (যে কোন *দুটি*) : ৫ × ২

টাইপ, অ্যান্টি আর্নে, রূপকথা।

বিশেষপত্র — ৪

(*নাটক*)

সমস্ত প্রশ্নের উত্তর দাও

১। 'আগন্তুক' নাটকটির গঠনশৈলী পর্যালোচনা করে একাঙ্কিকা হিসেবে তা কতটা সার্থক, দেখিয়ে দাও। ১০

*অথবা*

মোহিত চট্টোপাধ্যায়ের 'বাজপাখি' একাঙ্কিকায় মধ্যবিত্ত জীবন সঙ্কটের কতখানি সার্থক রূপায়ণ ঘটেছে তা আলোচনা করো । ১০

২। দেশপ্রেম ও বাঙালি চেতনার প্রকাশ শচীন্দ্রনাথের 'সিরাজদ্দৌলা' নাটককে কতটা মহিমান্বিত করেছে আলোচনা করো । ১০

*অথবা*

সিরাজদ্দৌলা নাটকে ঘসেটি বেগমের চরিত্রটি বিশ্লেষণ করো । ১০

৩। কোন্ সময়ের পটভূমিকে সামনে রেখে টিনের তলোয়ার রচিত ? সেই সময়ের উপস্থাপনায় উৎপল দত্তের কৃতিত্ব নিরূপণ করো । ১০

*অথবা*

উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটকটির প্রধান দুই নারী চরিত্রের মধ্যে তুলনা করো । ১০

৪। বাদল সরকারের 'এবং ইন্দ্রজিৎ' নাটকে মধ্যবিত্ত জীবনের চালচিত্র কিভাবে রূপায়িত হয়েছে আলোচনা করে দেখাও । ১০

*অথবা*

এবং ইন্দ্রজিৎ নাটকে ইন্দ্রজিৎ এবং মানসীর সম্পর্ক বিষয়ে আলোচনা করো । ১০

বিশেষপত্র — *৫*

(*রবীন্দ্র সাহিত্য*)

সমস্ত প্রশ্নের উত্তর দাও ঃ

১। " 'শেষ সপ্তক' কাব্যের বেশ কিছু কবিতায় বিদায়ী বিষন্নতার সঙ্গে মিশে আছে অপূর্ব জীবনাসক্তি" — আলোচনা করো । ১০

*অথবা*

শেষ সপ্তকের প্রেম ভাবনার কবিতাগুলিতে প্রকাশিত রবীন্দ্র মানসের পরিচয় দাও । ১০

২। 'শেষের কবিতা' উপন্যাসের লাবণ্য চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করো । ১০

*অথবা*

শেষের কবিতা উপন্যাসে ব্যবহৃত কবিতাগুলি উপন্যাসের পক্ষে কতখানি অনিবার্য ছিল তা বুঝিয়ে দাও । ১০

৩। কাব্যনাট্য হিসাবে চিত্রাঙ্গদার শিল্পসার্থকতা বিচার করো । ১০

*অথবা*

চিত্রাঙ্গদা নাট্যের সমাপ্তি অংশটি নিছক প্রেমের আখ্যান থেকে একে ভিন্ন মাত্রায় উত্তীর্ণ করে । — আলোচনা করো । ১০

৪। 'মানুষের ধর্ম' প্রবন্ধটি রচনার প্রেক্ষাপট বিশ্লেষণ করো । প্রবন্ধটিতে প্রকাশিত রবীন্দ্রনাথের বিশিষ্ট জীবনদৃষ্টির পরিচয় দাও । ১০

*অথবা*

"... দুঃখ আসেতো আসুক, মৃত্যু হয়তো হোক, ক্ষতি ঘটে তো ঘটুক, — মানুষ আপন মহিমা থেকে বঞ্চিত না হোক, সমস্ত দেশ কালকে ধ্বনিত করে বলতে পারুক, 'সোহহম' ।" — মানুষের ধর্ম অবলম্বনে এই সিদ্ধান্তের স্বরূপ বিশ্লেষণ করো । ১০

বিশেষপত্র — ৬

(*তুলনামূলক প্রতিবেশী সাহিত্য*)

সমস্ত প্রশ্নের উত্তর দাও

১। প্রেমচন্দের 'গোদান' ভারতীয় কৃষক জীবনের রূপালেখ্য — আলোচনা করো । ১০

*অথবা*

প্রেমচন্দ কথিত আদর্শোন্মুখ বাস্তববাদের ধারণায় 'গোদান' উপন্যাসটির বিচার করো । ১০

২। গজলে কবি গালিবের প্রেম ভাবনার পরিচয়টি পরিস্ফুট করো । ১০

*অথবা*

নাগার্জুনের 'প্রেত কী বয়ান' কবিতা অবলম্বনে কবির সমাজ ভাবনার পরিচয় দাও । ১০

৩। জ্যোতিপ্রসাদ আগরওয়ালের 'কারেঙ লিগির' নাটকের দুই বিশিষ্ট নারী চরিত্রের তুলনা করো । ১০

*অথবা*

জ্যোতিপ্রসাদের 'কারেঙ লিগিরি' নাটকের গানগুলির উল্লেখ করে তাদের সার্থকতা বিচার করো । ১০

৪। 'বিষয় উৎসব' ছোটগল্পটির মূলভাব ব্যাখ্যা করে কালিন্দীচরণ পানিগ্রাহীর সমাজ ভাবনার পরিচয় দাও । ১০

*অথবা*

কৃশণ চন্দের 'ঝাড়ুদার' ছোটগল্পটির সার্থকতা বিচার করো । ১০

---